

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৪৫.১৭৪.০১৫.২২.০১.০০৩.২০০৬-৪৯৫

তারিখ : ২২.১২.২০১৬ খ্রি।

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : 'থানা স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন-২য় পর্ব' শীর্ষক সমাপ্ত প্রকল্পের ১ জন কর্মকর্তা ও ৩ জন কর্মচারীসহ মোট ৪ জন কর্মকর্তা/কর্মচারীর সেপ্টেম্বর'২০১৬ হতে নভেম্বর'২০১৬ পর্যন্ত ৩ (তিন) মাসের বেতন ভাতা পরিশোধ প্রসঙ্গে।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন 'থানা স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন-২য় পর্ব' শীর্ষক সমাপ্ত প্রকল্পের বাদ পড়া ০৪ (চার) জন (রীট পিটিশন নং ৪২১/২০০৬) কর্মকর্তা/কর্মচারীর সেপ্টেম্বর'২০১৬ হতে নভেম্বর'২০১৬ পর্যন্ত ৩ (তিন) মাস সময়ের বেতন ভাতাদি বাবদ ব্যয় মিটানোর জন্য ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে ৩-২৭০১-০০০১-৬৬০১ সমাপ্ত উন্নয়ন প্রকল্প খাতে বরাদ্দকৃত ১০০.০০ লক্ষ টাকা হতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত বিভাজন মোতাবেক ৬,১৮,৮৫৩.০০ (ছয় লক্ষ আঠারো হাজার আটশত তিগ্নান মাত্র) টাকা পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা বরাবরে বরাদ্দকরণে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

কোড নং	বিস্তারিত বিবরণ	মোট চাহিদার পরিমাণ
৪৫০১	কর্মকর্তার বেতন- ১ জন	১,৪৯,৯৪০.০০
৪৬০১	কর্মচারীদের বেতন-৩ জন	১,৬৬,৪৪০.০০
৪৭০৫	বাড়ী ভাড়া ভাতা	১,৬৮,৫১৩.০০
৪৭১৩	উৎসব ভাতা	১,০৫,৪৬০.০০
৪৭১৭	চিকিৎসা ভাতা	১৮,০০০.০০
৪৭৫৫	টিফিন ভাতা	১,২০০.০০
৪৭৬৫	যাতায়াত ভাতা	১,৮০০.০০
৪৭৭৩	শিক্ষা ভাতা	৭,৫০০.০০
		মোট = ৬,১৮,৮৫৩.০০

(ছয় লক্ষ আঠারো হাজার আটশত তিগ্নান টাকা মাত্র) টাকা।

২। শর্তাবলী :

- এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে ;
- প্রকল্প চলাকালীন সময়ে নিয়োগপ্রাপ্ত এবং অব্যাহতভাবে কর্মরত লোকবলের বেতন-ভাতাদিই প্রদেয় হবে ;
- কর্মরত লোকবলের প্রাপ্যতার অতিরিক্ত বেতন-ভাতাদি প্রদান করা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে।

৩। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো (কপি সংযুক্ত)।

আপনার বিশ্বস্ত,

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোন : ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দৃষ্টব্য-

নং- ৪৫.১৭৪.০১৫.২২.০১.০০৩.২০০৬-৪৯৫/১(১)

তারিখ : ২২.১২.২০১৬ খ্রি।

অনুলিপি ০২(দুই) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকার বরাবরে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগ (বাজেট-৪ অধিশাখা)-এ প্রেরণ করা হলো।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব

নং-

তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকার নিকট প্রেরণ করা হ'ল। এতে অর্থ বিভাগ (বাজেট-৪) এর সম্মতি রয়েছে।


উপ সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ৪৫.১৭৪.০১৫.২২.০১.০০৩.২০০৬-৪৯৫/১(৬)

তারিখ : ২২.১২.২০১৬ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. উপ সচিব (বাজেট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (রীটকারী ৪ জনকে বরাদ্দের জন্য)
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(ড. মো: এনামুল হক)
উপ সচিব